মেথট্রেক্স্যাট

এই প্রচারপত্রের উদ্দেশ্য কি?

মেথট্রেক্স্যাট সম্পর্কে আপনার আরও অবগতির জন্য এই প্রচারপত্রটি লিখিত। এর থেকে আপনি জানতে পারবেন, কিভাবে এটি কাজ করে, ত্বকের সমস্যায় কিভাবে একে ব্যবহার করা হয়, এবং আপনি আরও জানতে পারবেন কোথা থেকে।

মেথট্রেক্স্যাট কি এবং এটি কিভাবে কাজ করে?

মেথট্রেক্স্যাট একটি অসুখ পরিবর্তনকারী ওষুধ বলে পরিচিত। এটি দেহের রোগপ্রতিরোধ ব্যবস্থায় (শরীরের নিজস্ব প্রতিরোধী ব্যবস্থা) নতুন কোষগুলির উত্পাদনের গতি কমিয়ে দিতে কাজ করে এবং সেই সঙ্গে রোগ প্রতিরোধী ব্যবস্থার কার্যকলাপকে দমিত করে। প্রথমে এটি কিছু প্রকারের ক্যানসারের চিকিৎসায় উচ্চ মাত্রায় ব্যবহৃত হত এবং তারপর ত্বক ও সন্ধিস্থলের অসুখের ক্ষেত্রে কম মাত্রায় ব্যবহারে কার্যকরী চিকিৎসা হিসাবে দেখা গেছে।

ত্বকের কোন পরিস্থিতি মেথট্রেক্স্যাট দ্বারা চিকিৎসা করা হয়?

সোরিয়াসিস, সোরিয়াটিক আর্থ্রাইটিস, একজিমা এবং ত্বকের আরও কয়েক ধরনের সমস্যার চিকিৎসায় মেথট্রেক্স্যাট ব্যবহার করা হয়, যার অন্তর্ভুক্ত: পেম্ফিগয়েড, পেম্ফিগাস, সারকোইডোসিস, স্ক্লেরোডার্মা, এবং ডার্মাটোমায়োসাইটিস ।

মেথট্রেক্স্যাট কাজ করার আগে আমাকে কতদিন এটি নিতে হবে?

মেথট্রেক্স্যাট ওষুধ সেবন শুরু করার পর আপনি আপনার কোনও উন্নতি লক্ষ্য করার আগে 3-12 সপ্তাহ সময় লাগতে পারে।

4 Fitzroy Square, London W1T 5HQ
ফোন: 020 7383 0266 ফ্যাক্স: 020 7388 5263 ই-মেইল: admin@bad.org.uk
নিবন্ধিত দাতব্য নং. 258474

আমার কখন মেথট্রেক্স্যাট নেওয়া উচিৎ?

মেথট্রেক্স্যাট সাধারণত ট্যাবলেট আকারে, সপ্তাহে একবার, প্রতি সপ্তাহে একই দিনে নেওয়া হয়ে থাকে। **এটি কখনোই প্রতিদিন নেওয়া উচিৎ নয়।** ট্যাবলেটগুলি খাবারের সঙ্গে খেতে হয় সম্পূর্ণ গিলে খেতে হয়, ভেঙে বা চিবিয়ে খেতে নেই। সপ্তাহে একবার ইঞ্জেকশনের মাধ্যমেও মেথট্রেক্স্যাট দেওয়া হতে পারে - তা হয় ত্বকনিম্নস্থ (ডায়াবেটিসের জন্য প্রদত্ত ইনসুলিনের মত, ত্বকের নিচে দেওয়া ইঞ্জেকশন), অথবা পেশীর মধ্যেও (পাছাতে বা উরুতে) হতে পারে।

বেশিরভাগ ডারমেটলজিস্ট 2.5 মিগ্রা মেথট্রেক্স্যাট ট্যাবলেট ব্যবহারের পরামর্শ দেন।10 মিগ্রা ট্যাবলেটগুলিও দেখতে একইরকম হতে পারে তাদের মধ্যে গুলিয়ে ফেলা উচিৎ নয়। সঠিক ক্ষমতার ওষুধের পরামর্শ দেওয়া হয়েছে এবং তা প্রদান করা হয়েছে কিনা নিশ্চিত হতে সতর্কতা গ্রহণ করতে হবে। মেথট্রেক্স্যাট নেওয়ার আগে আপনাকে সবসময় মাত্রা ও ক্ষমতা দেখে নিতে হবে।

আপনি স্বাভাবিক দিনে মেথট্রেক্স্যাট নিতে ভুলে গেলে, আপনি 48 ঘন্টার মধ্যে তা নিতে পারেন; যদিও, আপনার তিন দিনের বেশি দেরি হয়ে গেলে, সেই সপ্তাহের জন্য এটি নেবেন না। পরের সপ্তাহে স্বাভাবিক দিনে আপনার ওষুধের মাত্রা গ্রহণ করুন।

আমি কি মাত্রা গ্রহণ করব?

আপনার চিকিৎসক সাপ্তাহিক মাত্রার বিষয়ে আপনাকে পরামর্শ দেবেন, । সাধারণতঃ প্রথমে একটি অল্প মাত্রার নিদান দেওয়া হয় পরে সেটি আস্তে আস্তে বাড়ানো হয় যতক্ষণ না সেটি কার্যকর হচ্ছে। মাত্রাটি চিকিৎসায় আপনার সাড়া এবং আপনার হওয়া কোন পার্শ্ব প্রতিক্রিয়া অনুসারে এর নিয়ন্ত্রণ করা হবে।

মেথট্রেক্স্যাটের সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলি কি?

কিছু রোগীদের ক্ষেত্রে মেথট্রেক্স্যাট ব্যবহারের ফলে, বমিভাব, ক্লান্তি, ডায়রিয়া অথবা মুখের আলসার হতে পারে। খুব সামান্য ক্ষেত্রেই চুল ওঠা বা ফুসকুড়ি দেখা দেয়। মেথট্রেক্স্যাট স্বেত কণিকার সংখ্যা ক্ষতিগ্রস্ত করতে পারে (প্রভাবগুলির মধ্যে একটি হল রক্ত কণিকা তৈরি কমে যাওয়া) এবং তার ফলে আপনার সংক্রমণ হওয়ার সম্ভাবনা বেড়ে যায়- যেমন বুকের সংক্রমণ।

আপনার চিকিৎসককে দেখানো উচিৎ যদি:

- আপনার গলা যন্ত্রণা, জ্বর অথবা অন্য কোনও সংক্রমণের লক্ষণ দেখা দেয়।
- আপনার মুখে ঘা হয়।
- আপনার মাড়ি থেকে ব্যাখ্যাতিরিক্ত কালশিরা বা রক্তপাত ঘটে।
- আপনার বমিভাব, বমি, অস্বাভাবিক ব্যাথা বা ঘোলাটে প্রসাব দেখা দেয়।
- আপনার শ্বাস ফুলতে থাকে বা কাশি হতে থাকে।

মেথট্রেক্স্যাট নেবার সময় বমিভাবের ন্যায় পার্শ্ব প্রতিক্রিয়ার ঘটনা কমাতে ভিটামিন সাপ্লিমেন্ট হিসাবে প্রায়শই ফলিক অ্যাসিড ব্যবহারের পরামর্শ দেওয়া হয়।

লিভার এবং লাঙ ফাইব্রোসিস্ খুব বিরল জটিলতা যা মেথট্রেক্স্যাট বহু বছর ধরে নেওয়া হয়। যদি আপনি উপরে উল্লেখিত কোন পার্শ্বপ্রতিক্রিয়া লক্ষ্য করেন, তাহলে তা অবিলম্বে জানাতে হবে এবং অনুসন্ধান করতে হবে।

আপনার চিকেন-পক্স বা শিঙ্গলস্ না হয়ে থাকলে, কিন্তু যার চিকেন-পক্স বা শিঙ্গলস্ হয়েছে এমন কারও সংস্পর্শে এসে থাকলে, অথবা মেথট্রেক্স্যাট নেওয়া অবস্থায় চিকেন-পক্স বা শিঙ্গলস্ হলে, **তৎক্ষণাৎ** আপনার চিকিৎসককে দেখানো উচিৎ, কারণ আপনার বিশেষজ্ঞ চিকিৎসার প্রয়োজন হতে পারে।

মেথট্রেক্স্যাট চিকিৎসার পার্শ্বপ্রতিক্রিয়ার জন্য কিভাবে আমার দেখাশোনা করা হবে?

মেথট্রেক্স্যাট নেওয়ার সময় আপনার চিকিৎসক নিয়মিত রক্ত পরীক্ষার ব্যবস্থা করবেন। নিয়মিত এই রক্ত পরীক্ষাগুলি ছাড়া আপনি **অবশ্যই** মেথট্রেক্স্যাট নেবেন না। মাত্রা

বি.এ.ডি. বায়োলজিক ইন্টারভিনশনস্ রেজিস্টার (বি.এ.ডি.বি.আই.আর.)

আপনার সোরিয়াসিসের চিকিৎসার জন্য আপনাকে মেথট্রেক্স্যাট ব্যবহারের পরামর্শ দেওয়া হলে, আপনাকে ন্যাশনাল বায়োলজিক্স রেজিস্টার-এ অংশগ্রহণ করার জন্য বলা হতে পারে। সোরিয়াসিসের বিভিন্ন চিকিৎসার নিরাপত্তা তুলনা করতে এবং সেগুলি কতটা ভাল কাজ করে দেখতে এই রেজিস্টার ব্যবহার করা হয়। বায়োলজিক্যাল চিকিৎসা নামে সোরিয়াসিসের জন্য কিছু নতুন চিকিৎসার নজরদারি করতে এটি প্রতিষ্ঠা করা হয়েছিল। মাঝারি থেকে তীব্র সোরিয়াসিসের জন্য উপলব্ধ চিকিৎসার সর্বাপেক্ষা ভালভাবে ব্যবহার কিভাবে করতে হয় সে সম্পর্কে এই রেজিস্টার চিকিৎসকদের তথ্য প্রদান করবে। আপনার জ্ঞাত অনুমতি ছাড়া রেজিস্টারে কোনো তথ্য দেওয়া হবে না।

মেথট্রেক্স্যাট চলাকালীন আমি কি টীকা নিতে পারি?

আপনাকে প্রতিষেধক রূপে কোনও 'জীবন্ত' টীকা যেমন এমএমআর পোলিও, এবং পীত জ্বরের টীকা, ব্যবহার না করার পরামর্শ দেওয়া হচ্ছে। 'জীবন্ত' টীকার বদলে 'নিষ্ক্রিয়' পোলিও টীকা দেওয়া যেতে পারে এবং আপনার পরিবারের সদস্য অর্থাৎ ঘনিষ্ঠ সংযোগের অধীন ব্যক্তিদেরও 'নিষ্ক্রিয়' সংস্করণের টীকা দেওয়া উচিৎ।

যদি আপনার মেথট্রেক্স্যাট চালু থাকে, যাদের 'জীবন্ত' পোলিও টীকা দেওয়া হয়েছে, টীকা দেওয়ার 4-6 সপ্তাহ পর পর্যন্ত, সেই সমস্ত শিশুদের সঙ্গ আপনার পরিহার করা উচিৎ। যদি আপনার জীবন্ত টিকা দিয়ে টিকাকরণ করার প্রয়োজন হয়, তাহলে মেথট্রেক্স্যাট 6 সপ্তাহ আগে থেকে টীকাদানের 2 সপ্তাহ পর পর্যন্ত বন্ধ করে দিতে হবে। বার্ষিক ফ্লু এবং পঞ্চম বার্ষিক নিউমোভ্যাক্স টিকাকরণ নিরাপদ এবং পরামর্শযোগ্য (টিকাকরণ-এর উপর রোগী তথ্য প্রচারপত্র দেখুন।)

মেথট্রেক্স্যাট কি উর্বরতা বা গর্ভাবস্থাকে ক্ষতিগ্রস্ত করতে পারে?

মেথট্রেক্স্যাট উর্বরতা কমিয়ে দিতে পারে এবং এটি না-জন্মানো শিশুর ক্ষতি করতে পারে, তাই গর্ভধারণকালে এটি নেওয়া **একেবারেই উচিৎ নয়**। মেথট্রেক্স্যাট নেবার সময়ের পাশাপাশি ওষুধ বন্ধের 6 মাস পর পর্যন্ত মহিলা এবং পুরুষ উভয়েরই গর্ভনিরোধক সাবধানতা গ্রহণ করা উচিৎ।

আপনি পরিবার পরিকল্পনা করলে, অথবা মেথট্রেক্স্যাট চলাকালীন গর্ভধারণ করলে, যত দ্রুত সম্ভব এ বিষয়ে আপনার চিকিৎসকের সঙ্গে আলোচনা করতে হবে। আপনি মেথট্রেক্স্যাট নিলে অবশ্যই স্তন্যপান করাবেন না।

মেথট্রেক্স্যাট চলাকালীন আমি কি অ্যালকোহল পান করতে পারি?

অ্যালকোহল মেথট্রেক্স্যাটের সঙ্গে প্রতিক্রিয়া করে। অ্যালকোহল ও মেথট্রেক্স্যাট উভয়ই যকৃতের সম্ভাব্য ক্ষতি করতে পারে, তাই অ্যালকোহল পানের পরিমাণ কম করা এবং জাতীয় সুপারিশের অনেক কম রাখা উচিৎ ।

আমি কি মেথট্রেক্স্যাট-এর সঙ্গে একই সময়ে অন্যান্য ওষুধ ব্যবহার করতে পারি?

কিছু ওষুধ মেথট্রেক্স্যাটের সঙ্গে বিক্রিয়া করে, তাই এটি বিপজ্জনক হতে পারে। আপনার চিকিৎসারত যেকোনো চিকিৎসক, নার্স বা ফার্মাসিস্টকে সর্বদা বলুন যে আপনি মেথট্রেক্স্যাট নিচ্ছেন।

অ্যাসপিরিন এবং আইবুপ্রোফেন-এর মত স্টেরয়েড-বিহীন প্রদাহরোধী ওষুধগুলির ক্ষেত্রে বিশেষ সতর্কতা প্রয়োজন। একমাত্র আপনার চিকিৎসকের পরামর্শক্রমে আপনি প্রদাহরোধী ওষুধ নিতে পারেন। আপনার চিকিৎসক, নার্স বা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা ছাড়া 'দোকান-থেকে-নেওয়া' হার্বাল বা ভিটামিন ওষুধ ব্যবহার করবেন না। ট্রাইমেথোপ্রিম যুক্ত অ্যান্টিবায়োটিকের ব্যবহারও আপনার অবশ্যই পরিহার করা উচিৎ।

আমি মেথট্রেক্স্যাট সম্পর্কে আরও জানতে পারব কোথা থেকে?

আপনি মেথট্রেক্স্যাট সম্পর্কে আরও জানতে চাইলে, আপনার চিকিৎসক অথবা ফার্মাসিস্টের সঙ্গে কথা বলা উচিৎ। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই তথ্যপত্রে মেথট্রেক্স্যাটের সকল পার্শ্বপ্রতিক্রিয়া তালিকাভুক্ত নেই। আরও বিস্তারিত তথ্যের জন্য, আপনার মেথট্রেক্স্যাটের ব্যবস্থাপত্রের সঙ্গে প্রাপ্ত অতিরিক্ত ঔষধ তথ্য পত্রটি দেখুন।

বিস্তারিত প্রচারপত্রের ওয়েব লিঙ্কগুলি:

www.dermnetnz.org/treatments/methotrexate.html
http://www.patient.co.uk/medicine/Methotrexate.htm
http://www.mhra.gov.uk/home/groups/pl-a/documents/websiteresources/con076318.pdf
ব্যবহৃত উৎস উপাদানের আরও বিস্তারিতের জন্য অনুগ্রহ করে ক্লিনিকাল স্ট্যান্ডার্ডস ইউনিট (clinicalstandards@bad.org.uk)

এই প্রচারপত্রের উদ্দেশ্য বিষয়টির যথাযথ তথ্য প্রদান করা এবং এটি ব্রিটিশ অ্যাসোশিয়েশন অব ডার্মাটোলজিস্টস্-এর প্রতিনিধিদের মতামতের মিলের ভিত্তিতে তৈরি: যদিও, এর বিষয়বস্তু কখনও কখনও আপনার চিকিৎসক প্রদত্ত পরামর্শ থেকে ভিন্ন হতে পারে।

ব্রিটিশ অ্যাসোশিয়েশন অব ডার্মাটোলজিস্টস্-এর পেশেন্ট ইনফরমেশন লে রিভিউ প্যানেল দ্বারা এই প্রচারপত্রের *পাঠযোগ্যতা মূল্যায়িত*

4 Fitzroy Square, London W1T 5HQ
ফোন: 020 7383 0266 ফ্যাক্স: 020 7388 5263 ই-মেইল: admin@bad.org.uk
নিবন্ধিত দাতব্য নং. 258474

ব্রিটিশ অ্যাসোশিয়েশন অব ডার্মাটোলজিস্টস্

রোগীদের জন্য তথ্যের প্রচারপত্র

আগস্ট 2004-এ তৈরি

এপ্রিল 2012, মে **2013**-এ হালনাগাদকৃত

পর্যালোচনা তারিখ মে 2016

Health & care information you can trust
The Information Standard Certified Member

4 Fitzroy Square, London W1T 5HQ
ফোন: 020 7383 0266 ফ্যাক্স: 020 7388 5263 ই-মেইল: admin@bad.org.uk
নিবন্ধিত দাতব্য নং. 258474